গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
শৃঙ্খলা-২ শাখা
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০১.১৯-৬৪৩ তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ / ০২ জুলাই ২০২৪

**প্রজ্ঞাপন**

জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, মীরসরাই সার্কেল, চট্টগ্রাম হিসেবে কর্মকালে ০৩.০৮.২০১৮ তারিখে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরকারি গাড়ি নিয়ে নিজ অধিক্ষেত্র ত্যাগ করেন। তিনি ০৩.০৮.২০১৮ তারিখ আনুমানিক ১১.৩০ ঘটিকায় কর্ণফুলী শাহ আমানত সেতু টোল প্লাজায় কর্তব্যরত কর্মকর্তা ও কর্মচারীদের মারধরসহ টোল প্লাজার বক্সের গ্লাস ভাংচুর করে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করেন এবং টোল প্লাজার টোল ফি আদায় ব্যতীত নিজেই সিগন্যাল দিয়ে গাড়ি ছেড়ে দেন। তার এরূপ কার্যকলাপ টোল প্লাজায় সংযুক্ত সিসিটিভিতে রেকর্ড হয়। যা পরবর্তীতে বিভিন্ন ইলেকট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়াসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। তিনি ০৩.০৮.২০১৮ তারিখ আনুমানিক ১২.৩৫ ঘটিকায় চট্টগ্রাম জেলার পটিয়া থানার স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে অফিসার ইনচার্জ ও থানার অন্যান্য অফিসার এবং থানা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তারদের সাথে অভদ্র আচরণ করেন। পরবর্তীতে ০৩.০৮.২০১৮ তারিখ আনুমানিক ১৫.০০ ঘটিকায় চন্দনাইশ থানায় গিয়ে থানা ক্যাম্পাসে জব্দকৃত মামলার আলামত কন্টেইনারের গ্লাস লাঠি দিয়ে ভাংচুর করতে শুরু করেন। বিষয়টি টের পেয়ে পুলিশ সদস্যগণ তাকে নিবৃত করার চেষ্টা করলে তিনি তার হাতে থাকা লাঠি দিয়ে উক্ত পুলিশ সদস্যদের পিটিয়ে আহত করেন।

০২। যেহেতু, একজন সরকারি কর্মকর্তা ও সুশৃঙ্খল পুলিশ বাহিনীর সদস্য হিসেবে এধরণের অপ্রীতিকর, অসৌজন্যমূলক, বেআইনী কার্যক্রম অনভিপ্রেত এবং সরকারি কর্মচারী শৃংখলা পরিপন্থি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে গঠিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ তাকে কারণ দর্শানোর নোটিশ ও ব্যক্তিগত শুনানীতে হাজির হবে কিনা সে সম্পর্কে অবহিত করতে পত্র দেয় হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ২৫.১১.২০১৯ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ১৩.০৯.২০২০ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণের দিন ধার্য্য করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা ধার্য্য তারিখে ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হননি এবং তিনি শুনানির জন্য অপর কোন দিন ধার্য্য করার আবেদনও করেননি;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন। সার্বিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি অনুসারে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন;

০৫। যেহেতু, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন, অপরাধের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদিসহ সার্বিক বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী আগামী ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদন্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন;

০৭। সেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক আদেশ প্রদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদন্ড প্রদান করা হলো।

০৮। দন্ডকালের জন্য তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২/১০/২০২৪

মোঃ জাহাংগীর আলম
সচিব

নং-৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০১.১৯-৩৪৬ (২৫)

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ / ০২ জুলাই ২০২৪

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
০৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা;
০৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
০৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
০৭। মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
০৮। সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
০৯। উপসচিব, পুলিশ-১ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, . . . . . . . . . . . . . . . . . . . .
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশনার জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
১৩। জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত;
১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য); এবং
১৫। অফিস কপি।